



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং-৭৯/নসক/২০২২

তারিখ:- ০৬/০৬/২০২২ খ্রি.

২০২২ সালের উচ্চ মাধ্যমিক রিটেভ/ডিটেভ/১বিষয়/২বিষয়/জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের আগামী ০৯/০৬/২০২২ ইং তারিখের মধ্যে নিম্নলিখিত কাগজপত্র সহ পরীক্ষা শাখায় যোগাযোগ করে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ পরীক্ষা শাখায় জমা দানের জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

**১। প্রয়োজনীয় কাগজপত্র :**

- ক) রিটেভ/১বিষয়ে/২বিষয়ে পরীক্ষার্থীদের জন্য পূর্বের পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- খ) ডিটেভ পরীক্ষার্থীদের জন্য সাদা কাগজে আবেদন করে পূর্বের যাবতীয় বকেয়া পরিশোধের রশিদের ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি
- গ) মান উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য ২০১৯ সালের পরীক্ষার মূল প্রবেশ পত্র, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

**২। প্রয়োজনীয় শর্তবলী :**

- (ক) রিটেভ পরীক্ষার্থী ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষে নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় রিটেভ পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
- (খ) ডিটেভ ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীর বৈধ রেজিস্ট্রেশন আছে অথচ ইতিপূর্বে কোন সালের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২২ সালের পরীক্ষায় ডিটেভ পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
- (গ) যারা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে ১/২ বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশন মেয়াদ আছে তারা ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ১/২ বিষয়ের পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
- (ঘ) ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন মেয়াদ থাকা সাপেক্ষে জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে ২০২২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মান-উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।
- (ঙ) ২০১৭-১৮ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ১ বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২১ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা ১ বিষয়ে অকৃতকার্য হয়েছে তাদের রেজিস্ট্রেশন নবায়ন সাপেক্ষে ২০২২ সালের পরীক্ষায় ১ বিষয়ে পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।